

Tumi Arekbar Ashiya lyrics in Bengali

তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
আমি মনের সুখে একবার কাঁদতে চাই

পোড়া বুকে দারুণ খরা
চোখের পানি চোখে নাই
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
(তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,)
আমি মনের সুখে.....
একবার কাঁদতে চাই

না পারিলাম বাঁচতে আমি
না পারিলাম মরতে.....
না পারিলাম পীরিতের ওই
সোনার পাখি ধরতে

না পারিলাম বাঁচতে আমি
না পারিলাম মরতে
না পারিলাম পীরিতের ওই
সোনার পাখি ধরতে

আমি এ কূল থেকে ও কূল গেলাম
ঘাটে ঘাটে চোখ রাখিলাম
আশায় আশায় ছিলাম
যদি তোমার দেখা পাই
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
(তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া)

আমি মনের সুখে.....
একবার কাঁদতে চাই

না বাঁধিলাম ডাঙাতে ঘর
না ডুবিলাম জলে.....
না পাইলাম কূল কারো মনে
না ভাসলাম অকূলে....

না বাঁধিলাম ডাঙাতে ঘর
না ডুবিলাম জলে
না পাইলাম কূল কারো মনে
না ভাসলাম অকূলে

তোমায় নাইবা পেলাম এই জনমে
সঙ্গী হবো তোমার সনে
সকল বান্ধন ছিঁড়া যখন ওই পারেতে যাই
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
আমি মনের সুখে একবার কাঁদতে চাই...

পোড়া বুকে দারুণ খরা
চোখের পানি চোখে নাই
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া
আমি মনের সুখে.....
একবার কাঁদতে চাই